

সৌদি আরবগামী কর্মীদের Training এবং Skill Test সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

- ১। SVP (Takamol) এর স্কিল টেস্টের জন্য নির্ধারিত ফি - ৫০ ডলার (কমবেশী ৬১৫০/- টাকা)।
- ২। নির্ধারিত ফি - ৫০ ডলারের বেশি কাউকে কোনো টাকা দিবেন না।
- ৩। Takamol কর্তৃক নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত টাকার বিনিময়ে Skill Test এ পাস করার কোন সুযোগ নেই।
- ৪। কোন দালাল বা মধ্যস্থতভোগীর ফাঁদে পড়ে প্রতারিত হবেন না।
- ৫। Takamol এর স্কিল টেস্টে অংশগ্রহণ করার জন্য সংশ্লিষ্ট অকুপেশনে/ট্রেডে দক্ষতা ও কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
- ৬। দক্ষতা অর্জনের জন্য দেশের বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সংশ্লিষ্ট অকুপেশন/ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করার সুযোগ রয়েছে।
- ৭। বিএমইটি কর্তৃক পরিচালিত ১০৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (www.bmet.gov.bd) মাধ্যমে বিভিন্ন অকুপেশনে/ ট্রেডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- ৮। আপনার নিজ যোগ্যতায় আপনি SVP এর আওতায় স্কিল টেস্টে উত্তীর্ণ হবেন। এজন্য দালালের ফাঁদে পড়ে ৫০ ডলারের অধিক অর্থের বিনিময়ে পাশের চিন্তা করে অর্থের অপচয় করবেন না।
- ৯। আপনার দক্ষতার ঘাটতি থাকলে, লোডিং আনলোডিং অকুপেশনে স্কিল টেস্টের পূর্বে আপনার জন্য দেশের ২০টি টিটিসিতে প্রস্তুতিমূলক ৩ দিনের স্কিল ট্রেনিং পরিচালনা করা হচ্ছে। এ Skill Training সম্পন্ন করলে আপনার পাশ করার সম্ভাবনা অনেক বেশী হবে।
- ১০। যদি সৌদি আরবগামী কোনো কর্মীকে স্কিল টেস্ট সংক্রান্ত অবৈধ লেনদেনের সাথে সম্পৃক্ততা পাওয়া যায়, তাহলে Takamol কর্তৃপক্ষ কর্তৃক ঐ কর্মীর একাউন্ট লক করা হবে। ফলে তিনি আর সৌদি আরবে যেতে পারবেন না।
- ১১। তাকামল পরীক্ষায় পাস করিয়ে দেয়ার জন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অবৈধভাবে প্রচার, প্ররোচনা বা অন্য কোনো উপায়ে আর্থিক লেনদেন করলে বা অভিব্যক্তি প্রকাশ করলে তাকে স্থানীয় আইন শৃঙ্খলা বাহিনীর নিকট সোপর্দ করার জন্য অনুরোধ করা হলো।

প্রচারণায় -
বিএমইটি কর্তৃপক্ষ